



নতুন শহর উদ্ভিদ

আমাদের সময়

আমাদের সময়, ২১-০৫-২৪, অনলাইন

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে কৃষিপণ্য প্রদর্শনী



ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে কৃষিপণ্য প্রদর্শনী

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির 'এনভায়রনমেন্টাল অ্যান্ড সোশ্যাল ক্লাব'-এর আয়োজনে প্লাস্টিক মুক্ত পরিবেশবান্ধব পণ্য নিয়ে অনুষ্ঠিত হল 'ইকো ফেয়ার ৩.০'। গত রবিবার ও সোমবার দুই দিনব্যাপী ইউনিভার্সিটির নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে এই প্রদর্শনী।

ক্ষতিকর প্লাস্টিকের বিকল্প পণ্য ও ব্যবসার বিভিন্ন ধরন এবং উদ্ভাবনকে শিক্ষার্থীদের সঙ্গে পরিচিত করতেই এই আয়োজন করা হয়েছে। এবারের প্রদর্শনীতে সর্বমোট ১৯টি স্টলে নিজেদের পণ্য নিয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক শামস রহমান এবং বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ এয়ার কমান্ডার (অব.) ইশফাক ইলাহী চৌধুরী আনুষ্ঠানিকভাবে এই মেলার উদ্বোধন করেন। উদ্বোধনের পরে তারা স্টলগুলো পরিদর্শন করেন।

টেকসই জীবনযাপনের জন্য কাঠের তৈরি পণ্য, মাটির তৈরি পণ্য দেখে তারা শিক্ষার্থীদের প্রশংসা করেন। তারা 'গ্রিন কর্নার' নামক একটা ক্ষুদ্র নার্সারিরও উদ্বোধন করেন। যেখানে কোনো দোকানদার ছাড়াই নির্ধারিত মূল্য রেখে শিক্ষার্থীরা গাছ লাগাতে পারবেন।

'ইকো ফেয়ার ৩.০'-এর মত আয়োজন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের পরিবেশবান্ধব পণ্য ব্যবহারে অনুপ্রাণিত করবে এবং দেশের পরিবেশ সুরক্ষায় অবদান রাখবে বলে মনে করেন আয়োজকরা।